গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'নৈতিকতা কমিটি'-এর চতুর্থ প্রান্তিকের সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | **জনাব মোঃ আনিছুর রহমান**<br>**সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ** |
| **তারিখ** | : | **২৭ জুন, ২০২১** |
| **সময়** | : | **বেলা ১২:৩০ ঘটিকা** |
| **স্থান** | : | **অনলাইন সিস্টেম।** |
| **উপস্থিত সদস্য** | : | **রেকর্ডেড।** |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপসচিব (প্রশাসন-৩) মোছাঃ মোর্শেদা ফেরদৌস বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপভাবে সভায় উপস্থাপন করেন। বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক আলোচনা এবং তদ্‌সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ নিম্নরুপ:

| ক্রমিক নং | তৃতীয় প্রান্তিকের সভার সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১. | নিম্নবর্ণিত আইন/বিধিমালা/নীতিমালার কার্যক্রম ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করার বিষয়ে বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন:<br>০১) 'বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন আইন, ২০২০' প্রণয়ন;<br>০২) 'গ্যাস বিপণন বিধিমালা-২০২০' প্রণয়ন;<br>০৩) 'এলপি গ্যাস অপারেশনাল সমন্বিত নীতিমালা-২০২০' চুড়ান্তকরণ। | যুগ্মসচিব (প্রশাসন) ড. মহ. শের আলী সভাকে অবহিত করেন যে, 'বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন আইন, ২০২০' এর খসড়া মন্ত্রিসভায় নীতিগতভাবে অনুমোদিত হয়েছে। বর্তমানে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিংয়ের জন্য প্রেরণ করা হয়েছে। 'এলপি গ্যাস অপারেশনাল সমন্বিত নীতিমালা-২০২০'-এর খসড়া প্রণয়ন করা হয়েছে, চূড়ান্ত অনুমোদনের পর্যায়ে রয়েছে। 'গ্যাস বিপণন বিধিমালা-২০২০'-এর খসড়া ভেটিংয়ের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হলে উক্ত বিভাগ বিধিমালাটির কতিপয় বিষয়ের ওপর মতামত দিয়ে ফেরৎ প্রদান করে। উক্ত মতামতসমূহের ওপর জ্বালানি বিভাগ, বিআরসি ও পেট্রোবাংলা সমন্বয়ে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠানের বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। | গ্যাস বিপণন বিধিমালা-২০২০ চূড়ান্তকরণের বিষয়ে অপারেশন অনুবিভাগ কার্যকর প্রদক্ষেপ গ্রহণ করবে। |
| ০২. | মোবাইল কোর্ট পরিচালনার ক্ষেত্রে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ সচেষ্ট থাকবেন; | যুগ্মসচিব (অপারেশন) সভাকে অবহিত করেন যে, এ বিভাগের নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণে ২০২০-২১ অর্থ-বছরে মোট ৩৩টি মোবাইল কোর্ট পরিচালিত হয়। এছাড়া, ঢাকা জেলার বাইরে অবস্থিত বিপণন কোম্পানী সমূহের উদ্যোগে সংশ্লিষ্ট জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট দ্বারা গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরনে বিভিন্ন মোবাইল কোর্ট পরিচালিত হয়েছে। | মোবাইল কোর্ট পরিচালনার বর্তমান ধারা অব্যাহত রাখার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। |

| ক্রমিক নং | তৃতীয় প্রান্তিকের সভার সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৩. | গ্যাস সংযোগে প্রি-পেইড মিটার স্থাপন সংশ্লিষ্ট শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা (৫০,০০০টি) অর্জনে বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সক্রিয় উদ্যোগ গ্রহণ করবেন; | চেয়ারম্যান, পেট্রোবাংলা সভাকে অবহিত করেন যে, ২০২০-২১ অর্থ-বছরের প্রি-পেইড মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা (৫০,০০০টি) ইতোমধ্যে অর্জিত হয়েছে। গত ২৬/০৬/২১ তারিখ পর্যন্ত মোট ৫২,১১৬টি প্রি-পেইড মিটার স্থাপিত হয়েছে। | প্রি-পেইড মিটার স্থাপনের চলমান গতি অব্যাহত রাখার বিষয়ে পেট্রোবাংলা সচেষ্ট থাকবে। |
| ০৪. | অবৈধ গ্যাস সংযোগমুক্তকরণ কার্যক্রমে শতভাগ সাফল্য অর্জনের লক্ষ্যে সকল গ্রাহকের বাড়ি/প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শনের বিষয়ে সংশ্লিষ্ট আওতাধীন গ্যাস বিপনণ কোম্পানিসমূহ কার্যকর উদ্যেগ গ্রহণ করবে; | উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান যে, এ বিষয়ে বাখরাবাদ গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড কর্তৃক গ্রাহক পরিদর্শন সংক্রান্ত একটি প্রতিবেদন পেট্রোবাংলা থেকে পাওয়া গেলেও অন্যান্য বিপণন কোম্পানীসমূহের এ সংক্রান্ত কার্যক্রমের কোনো তথ্য পেট্রোবাংলা থেকে পাওয়া যায়নি। | আলোচ্য বিষয়ে সকল বিপণন কোম্পানীর কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিবেদন পেট্রোবাংলা আগামী ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে। |
| ০৫. | এ বিভাগের Quick Response Team-এর সঙ্গে আওতাধীন গ্যাস কোম্পানিমূহের সংযোগ স্থাপনের লক্ষ্যে অপারেশন অনুবিভাগ কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে; | আলোচ্য বিষয়ে অপারেশন-৪ শাখা থেকে বিপণন কোম্পানীসমূহকে পত্র দিয়ে Quick Response Team-এর সঙ্গে যোগাযোগ রাখার বিষয়ে অবহিত করা হয়েছে। | গ্রাহক পর্যায়ের অভিযোগ প্রাপ্তির পর উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণ ও বিপণন কোম্পানীসমূহের সঙ্গে সংযোগ স্থাপনে Quick Response Team কার্যকর ভূমিকা পালনে সচেষ্ট থাকবে। বিপণন কোম্পানীসমূহ গ্যাস বিতরণ কার্যক্রম সংক্রান্ত যে কোনো সমস্যা Quick Response Team-কে জরুরি ভিত্তিতে অবহিত করবে। |
| ০৬. | প্রতিটি দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার ওয়েবসাইট আবশ্যিকভাবে হালনাগাদ করতে হবে; | উপসচিব (প্রশাসন-৩) সভাকে অবহিত করেন যে, এ বিভাগের আইসিটি সেল কর্তৃক নিয়মিত বিভিন্ন সংস্থার ওয়েবসাইট পরিবীক্ষণ করা হয়। কিছু কিছু বিষয় অনেকসময়ই হালনাগাদ পাওয়া যায় না বলে জানা যায়। | দপ্তর/সংস্থা ও আওতাধীন কোম্পানীসমূহ আগামী ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে ওয়েবসাইট হালনাগাদ করবে এবং নিয়মিত হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখবে। |

| ক্রমিক নং | তৃতীয় প্রান্তিকের সভার সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৭. | সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী এ বিভাগসহ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/ সংস্থাসমূহ কর্তৃক আবশ্যিকভাবে শাখা/ অধিশাখা পরিদর্শন করতে হবে এবং পূর্ববর্তী পরিদর্শনের সুপারিশ বাস্তবায়নের বিষয়ে পরবর্তী পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করতে হবে। শাখা পরিদর্শন প্রতিবেদন শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার প্রমাণক হিসাবে ব্যবহারের জন্য প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করতে হবে। | উপসচিব (প্রশাসন-৩) সভাকে অবহিত করেন যে, ২০২০-২১ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত শাখা/অধিশাখা/অধস্তন অফিসসমূহ পরিদর্শন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অদ্যাবধি অর্জিত হয়নি। | এ বিভাগের সকল কর্মকর্তা আগামী ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে স্ব স্ব অধিশাখা/শাখা পরিদর্শনপূর্বক প্রশাসন-৩ অধিশাখায় প্রতিবেদন প্রেরণ করবে। |
| ০৮. | প্রকল্প পরিদর্শনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক প্রকল্প পরিদর্শন করতে হবে। পরিদর্শন প্রতিবেদন এবং পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন মূল্যায়নে প্রমাণক হিসাবে ব্যবহারের জন্য প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করতে হবে। | উপসচিব (প্রশাসন-৩) সভাকে অবহিত করেন যে, ২০২০-২১ অর্থ-বছরের শুদ্ধাচায় কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত প্রকল্প পরিদর্শন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অদ্যাবধি অর্জিত হয়নি। | এ বিভাগের সকল কর্মকর্তা আগামী ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে প্রকল্পসমূহ পরিদর্শনপূর্বক প্রশাসন-৩ অধিশাখায় প্রতিবেদন প্রেরণ করবে। |

০৪। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫-০৬.২০২১

**(মোঃ আনিছুর রহমান)**
সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ